

বরিশাল বিভাগীয় কার্যালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত
প্রথম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	: মো: সোহরাব হোসেন, পরিচালক (উপসচিব) বিকেকেবি, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
সভার স্থান	: পরিচালক মহোদয়ের অফিস কক্ষ।
সভার তারিখ	: ০১-০৯-২০২১ খ্রি।
সভার সময়	: বিকেল ০৩.০০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বরিশাল বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সম্মুখে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১ম ত্রৈমাসিক সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বরিশাল বিভাগীয় কার্যালয়ের সাথে প্রধান কার্যালয়ের স্বাক্ষরিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ইতোমধ্যে স্বাক্ষরিত হয়েছে। স্বাক্ষরিত চুক্তি অনুসারে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত সূচকগুলো যাতে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয় সেজন্য সভাপতি এর গুরুত্ব সম্পর্কে সভায় অবহিত করেন। অতঃপর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর সংযোজনী- ৫ মোতাবেক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করার নিমিত্ত নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।


সিদ্ধান্ত :

১. বরিশাল বিভাগীয় কার্যালয়ের তথ্য বাতায়ন www.bkkb.barisaldiv.gov.bd এর সকল সেবা বন্ধ, মেনু ও সাবমেন্যুসহ বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি নিয়মিত প্রকাশ ও হালনাগাদ করতে হবে।
২. প্রতি মাসের শুরুতে সকল কর্মকর্তা/কর্মচারী মাসিক কর্ম পরিকল্পনা প্রস্তুত করতে হবে। কর্ম পরিকল্পনা অনুযায়ী স্ব-প্রণোদিত হয়ে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা/নিষ্পত্তি করতে হবে।
৩. প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং এর বাস্তবায়ন অগ্রগতি উর্ধ্বতন কর্তৃকর্তাকে সময়ে সময়ে অবহিত করতে হবে।
৪. উদ্ভাবনী ধারণা/সেবা সহজীকরণ সংক্রান্ত যে কোন একটি কার্যক্রম গ্রহণ করতে হবে। এক্ষেত্রে যে কোন সেবা আরও সহজতর করার লক্ষ্যে নতুন ও উন্নত উদ্ভাবনী চিন্তার বিকাশ ও প্রসার ঘটাতে হবে।

৫. প্রধান কার্যালয়ের মাধ্যমে ই-নথির কার্যক্রম চালু হলে সকলকে প্রশিক্ষণের মাধ্যমে ই-নথির বাস্তবায়ন ও নির্দেশনা অনুসারে শতভাগ কাজ সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নে : এ কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



(মোঃ সোহরাব হোসেন)
পরিচালক (উপসচিব)
ফোন : ০৪৩১-৬৪৫৭৩

নম্বর-০৫.৮১.০৬০০.০০৮.১৬.১২০.২১-১৭৮

তারিখ : ০৫-০৯-২০২১ খ্রি.

অনুলিপি : (সদয় অবগতি ও জ্ঞাতার্থে)

১. মহাপরিচালক (সরকারের সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. জনাব
৫. কম্পিউটার অপারেটর, বিকেকেবি, বিভাগীয় কার্যালয়, বরিশাল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।


০৫.০৯.২০২১
(সঞ্জীব কুমার সরকার)
কল্যাণ অফিসার